# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২৩২

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১) আযান দেয়ার প্রতি উদ্বুদ্ধকরণ ও আযানের ফযীলতের বর্ণনা

الترغيب في الأذان وما جاء في فضله

আরবী

(صحيح) وَعَنْ عبد الله بن عبد الرحمن بن أبي صعصعة أَنَّ أَبَا سَعِيدٍ الْخُدْرِيَّ قَالَ لَهُ إِنِّي أَرَاكَ تُحِبُّ الْغَنَمَ وَالْبَادِيَةَ فَإِذَا كُنْتَ فِي غَنَمِكَ أَوْ بَادِيَتِكَ فَأَذَّنْتَ بِالصَّلَاةِ فَارْفَعْ صَوْتَكَ بِالنِّدَاءِ فَإِنَّهُ لَا يَسْمَعُ مَدَى صَوْتِ الْمُؤَذِّنِ جِنٌّ وَلَا إِنْسٌ وَلَا شَيْءٌ إِلَّا شَهِدَ لَهُ يَوْمَ الْقِيَامَةِ قَالَ أَبُو سَعِيدٍ سَمِعْتُهُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ . رواه مالك والبخاري والنسائي وابن ماجه

বাংলা

২৩২. (সহীহ) আবদুল্লাহ বিন আবদুর্ রহমান বিন আবু সা’সাআ থেকে বর্ণিত। একদা আবু সাঈদ খুদরী (রাঃ) তাকে বললেনঃ আমি দেখছি তুমি ছাগল এবং গ্রামাঞ্চল বেশী পছন্দ কর। তুমি যখন ছাগল চারণে ব্যস্ত থাকবে বা গ্রামে থাকবে, তখন সালাতের জন্যে আযান দিলে উচ্চস্বঃরে দিবে। কেননা মুআয্যিনের সুউচ্চ কণ্ঠ জিন, ইনসান বা যে বস্তুই শুনবে, তারা সবাই কিয়ামত দিবসে তার জন্যে সাক্ষ্য প্রদান করবে।

আবু সাঈদ বলেনঃ একথা আমি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে শুনেছি।

(হাদীছটি বর্ণনা করেছেন মালেক ১/৬৯, বুখারী ৬০৯, নাসাঈ ২/১২ ও ইবনু মাজাহ্ ৭২৩)

ইবনু মাজাহ্ রেওয়ায়াতে আরো আছেঃ কোন পাথর, বৃক্ষ যেই তার আযান শুনবে, সবাই তার জন্যে সাক্ষ্য প্রদান করবে। (ইবন মাজাহ ৭২৩)

(সহীহ) ইবনু খুযায়মা [সহীহ গ্রন্থে] এভাবে বর্ণনা করেনঃ

سَمِعْتُ رَسُولَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ : لاَ يَسْمَعُ صَوْتَهُ شَجَرٌ ، وَلاَ مَدَرٌ ، وَلاَ حَجَرٌ ، وَلاَ جِنٌّ ، وَلاَ إِنْسٌ إِلاَّ شَهِدَ لَهُ.

আমি রাসুলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে একথা বলতে শুনেছিঃ তার (আযানের) আওয়ায বৃক্ষ, মাটির গৃহ, পাথর, জিন বা মানুষ যে কেউ শুনবে, তারা তার জন্য সাক্ষ্য প্রদান করবে। (ইবনু খুযায়মাহ ৩৮৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবুশ-শা'সা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87992

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন